

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০১১.১৯- ৭৭৮

তারিখঃ ১৬ জুন ২০২০ খ্রিস্টাব্দ
০২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং এর
মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন

- সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং- ০৭.১০৩.০২০.২৭৫১.০০০০.০৩৯.২০১৯-২১৬, তারিখঃ ১৬/০৪/২০২০ খ্রিঃ
(২) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং-০৭.০০.০০০০.১৫৬.১৫.০৭.২০১৯-২৯৫, তারিখঃ ১৪/০৬/২০২০ খ্রিঃ
(৩) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৮-৫৩৮, তারিখঃ ১৬/০৪/২০২০ খ্রিঃ
(৪) শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনসিটিউট ও হাসপাতালের স্মারক নং- এসআরজিআইএইচ/অর্থ/নিয়োগ/কেভিড-১৯/২০১৯-২০২০/৮৫০, তারিখঃ ২০/০৪/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকায় করোনা ডাইরাস (কেভিড-১৯) আক্রান্ত রোগীদের সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য নিয়োক্ত ১৫০ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | সেবার ধরন | অনুমোদিত সেবা কর্মীর সংখ্যা | সেবার ক্যাটাগরি |
|---|--------------|-------------------|--------------------------------|-----------------|
| শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা | ১ | ইলেক্ট্রনিশান | ০৩ | ক্যাটাগরি-১ |
| | ২ | আয়া | ৩৫ | ক্যাটাগরি-৫ |
| | ৩ | ওয়ার্ড বয় | ৪৫ | ক্যাটাগরি-৫ |
| | ৪ | পরিচ্ছন্নতা কর্মী | ৬৫ | ক্যাটাগরি-৫ |
| | ৫ | বাবুচি | ০২ | ক্যাটাগরি-৫ |
| মোট-১৫০ জন | | | | |

শর্তাবলীঃ

- (ক) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১১-২৫৯, তারিখঃ ১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- (খ) সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্টিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- (ঙ) পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে
- (চ) আউটসোর্সিং এর জন্য সম্মতিকৃত সেবাসমূহের মধ্যে রাজস্থানভুক্ত পদ থাকলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

চলমান পাতা-২

(ছ) আটসোর্সিং প্রক্রিয়ায় সেবা দ্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সকল নির্দেশনা (জারিকৃত বা জারিতব্য) প্রযোজ্য হবে।

সংযুক্তি: বর্ণনামতে



(মোঃ আবদুজ্জামান)

উপসচিব

ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক

শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনসিটিউট ও হাসপাতাল
মহাখালী, ঢাকা

অনুলিপি:

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন)]।
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপসচিব, পার-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। চিফ একাউন্টেস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অভিযন্ত্র সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।